২৪ সেপ্টেম্বর, ২০২৬

# মেধার ভিত্তিতেই সুন্দর বাংলাদেশ গড়তে হবে: ডেপুটি স্পিকার




জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। ছবি: সংগৃহীত

ফ্যাসিস্ট আমলে দলীয় প্রভাবের কারণে মেধা ও যোগ্যতা থাকা সত্ত্বেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থী যথাযথ মূল্যায়ন থেকে বঞ্চিত হয়েছেন বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। তিনি বলেন, ভবিষ্যতে রাজপথে আর বুলেট নয়, মেধার ভিত্তিতে একটি সুন্দর বাংলাদেশ গড়ে তুলতে হবে।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের নবীনবরণ অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় এসব কথা বলেন তিনি।

কায়সার কামাল বলেন, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ২০২৪ সালের গণঅভ্যুত্থান—দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নেতৃত্ব দিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের দীর্ঘ ঐতিহ্য ধরে রেখে শিক্ষার্থীদের মেধা ও যোগ্যতার বিকাশে মনোযোগী হওয়ার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম শিক্ষার্থীদের সময়ের মূল্য বুঝে পড়াশোনা ও মেধা চর্চার পাশাপাশি অন্যের প্রতি সহানুভূতিশীল এবং সহযোগিতাপূর্ণ মনোভাব নিয়ে এগিয়ে যাওয়ার পরামর্শ দেন।

LENS ASIA